



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

সার্টিফিকেট অব কারেকশন (CERTIFICATE OF CORRECTION)

যদি আপনি ডিপার্টমেন্ট অব বিল্ডিংস (DEPARTMENT OF BUILDINGS, "DOB")-এর সমন পেয়ে থাকেন এবং সেটি "স্বীকার করে থাকেন", "লঙ্ঘনকারী" হিসেবে প্রমাণিত হন, অথবা কোনো শর্ত মেনে নেন - তাহলে আপনাকে অবশ্যই DOB-এর কাছে একটি সার্টিফিকেট অব কারেকশন জমা দিতে হবে, অন্যথায় আপনি আরো সমন পেতে পারেন!

আপনার সমনে একটি আদেশ থাকে যাতে লেখা থাকে: "লঙ্ঘন সংশোধন/সংশোধনীর জন্য কমিশনারের আদেশ" এটি সমনে উল্লিখিত ব্যক্তি বা কোম্পানির প্রতি একটি আদেশ।

জরিমানা প্রদান করা মানাই এই নয় যে আপনার দায়িত্ব শেষ

আপনাকে অবশ্যই 1) সমস্যাটির সমাধান করতে হবে যার জন্য আপনাকে সমনটি পাঠানো হয়েছে, 2) DOB-এর কাছে একটি সংশোধনী প্যাকেট জমা দিতে হবে এবং 3) DOB-এর মাধ্যমে প্যাকেটটির অনুমোদন নিতে হবে।

সমন(গুলো) পাওয়ার সাথে সাথেই আপনাকে লঙ্ঘন সংশোধনীগুলো শুরু করতে হবে! শুনানি কখন হবে তাতে কিছু যায় আসে না!

যদি কোনো OATH শুনানির পরে আপনার সমনটি খারিজ হয়ে যায়, শুধুমাত্র তাহলেই আপনাকে কোনো সংশোধনী প্যাকেট জমা দিতে হবে না। তবে, ভবিষ্যতে সমন পাওয়া এড়ানোর জন্য আপনাকে সংশোধনীগুলো করতে হতে পারে।

যদি (1) আপনাকে লঙ্ঘনকারী হিসেবে পাওয়া যায়; (2) আপনি লঙ্ঘনের কথা স্বীকার করেন; অথবা (3) আপনি কোনো শর্ত মেনে নেন এবং (4) DOB-কে সার্টিফিকেট অব কারেকশন প্যাকেট জমা দিতে ব্যর্থ হন, তাহলে DOB আপনাকে আরো সমন পাঠাতে পারে।

লঙ্ঘনসমূহকে "ক্লাস" 1, 2 বা 3 হিসেবে অভিযুক্ত করা হতে পারে। অভিযুক্ত লঙ্ঘনের ক্লাসটি সমনে তালিকাভুক্ত থাকবে।

ক্লাস 1 - আপনাকে দ্রুত

সংশোধন করতে হবে ক্লাস 2 ও 3 - আপনাকে 40 দিনের মধ্যে সংশোধন করতে হবে

ধাপ 1: OATH হেল্প সেন্টারের প্রতিনিধির কাছ থেকে একটি সার্টিফিকেট অব কারেকশন প্যাকেট সংগ্রহ করুন অথবা প্রয়োজনীয় ফর্ম (AEU2, AEU3321 এবং/বা AEU20) সংগ্রহের জন্য দেখুন <https://www.nyc.gov/site/buildings/safety/oath-summonses.page>.

ধাপ 2: কোনো "এফিডেভিট" পৃষ্ঠা অন্তর্ভুক্ত থাকলে সেটি পূরণ করুন। সমস্যাটি/সমস্যাগুলো কিভাবে সমাধান করা হলো, কখন হলো এবং কে সমাধান করল সে সম্পর্কিত একটি নোটারী বিবৃতি অন্তর্ভুক্ত করুন। কোনো প্রমাণ থাকলে সেটি অন্তর্ভুক্ত করুন।

- ফর্মে কোনো "নির্দেশনা" অন্তর্ভুক্ত থাকলে সেগুলোকে দিকনির্দেশিকা হিসেবে ব্যবহার করুন।

ধাপ 3: সমস্যা সমাধানকারী ব্যক্তির দ্বারা "সার্টিফিকেট অব কারেকশনে সহায়তার বিবৃতি" পৃষ্ঠাটি পূরণ ও নোটারী করান।

- ফর্মে কোনো "নির্দেশনা" অন্তর্ভুক্ত থাকলে সেগুলোকে দিকনির্দেশিকা হিসেবে ব্যবহার করুন।

ধাপ 4: www.nyc.gov/dobnow -তে DOB NOW-এ লগ ইন করতে একটি ই-ফিলিং অ্যাকাউন্ট তৈরি বা ব্যবহার করুন এবং BIS অনলাইন পোর্টাল নির্বাচন করুন। ই-ফাইলিং অ্যাকাউন্ট তৈরি করার প্রয়োজন হলে দেখুন www.nyc.gov/DOBNOWtips. DOB NOW BIS অনলাইন পোর্টাল থেকে সমন নম্বর সহ প্রয়োজনীয় ফিল্ডগুলো পূরণ করুন এবং অন্যান্য প্রয়োজনীয় ফর্ম ও নথিপত্র আপলোড করুন। DOB-এর অ্যাডমিনিস্ট্রেটিভ এনফোর্সমেন্ট ইউনিটের পর্যালোচনার জন্য আপনার তথ্যাদি জমা দিন।

অনুগ্রহ করে মনে রাখবেন: DOB অনুমোদন না করা পর্যন্ত আপনার সার্টিফিকেট অব কারেকশন সম্পূর্ণ হবে না।

অতিরিক্ত সহায়তার জন্য অনুগ্রহ করে যেকোনো OATH অবস্থানে সোমবার থেকে শুক্রবার, সকাল 8 টা থেকে বিকেল 5 টা সরাসরি OATH হেল্প সেন্টারে, টেলিফোনে (212) 436-0845 নম্বরে, অথবা ইমেইলে Manhelpcenter@oath.nyc.gov যোগাযোগ করুন